দৈনিক বাংলা

তারিখ ...19 AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 2

C58

ছাত্রদের রাজনীতিতে জড়াবেন না : মতিন

(স্টাফ রিপোর্টার)

উপপ্রধানমন্ত্রী ডঃ এম এ মতিন বিরোধী দলগুলোকে রাজনীতিতে গণতান্ত্রিক ধারা অনুসরণের আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, সন্ত্রাস, হরতাল আর নৈরাজ্য দিয়ে আপনারা রাজনীতিতে জয়লাভ করতে পারবেন না। এতে শুধু জনগণ থেকে বিচ্ছিন্ন হবেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপপ্রধানমন্ত্রী ডঃ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিন মঙ্গলবার সদরঘাট টার্মিনালে জাতীয় পার্টির জনসভায় ভাষণ দেন। —দৈনিক বাংলা

মতিন

(১-এর পৃঃ পর)

মতিন ছাত্রসমাজকে রাজনীতিতে না জড়িয়ে তাদের গড়ে তোলার জন্যেও বিরোধী দলগুলোকে পরামর্শ দেন। সম্প্রতি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সন্ত্রাসের কথা উল্লেখ করে তিনি বলেন, এই সন্ত্রাসের মাধ্যমে ছাত্ররা শুধু নিজেদের জীবনই বিপন্ন করে তুলছে না জাতির ভবিষ্যৎও নষ্ট করে দিচ্ছে।

গতকাল সদরঘাটে জাতীয় পার্টি আয়োজিত জনসভায় তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। জনসভায় পার্টির মহাসচিব স্থানীয় সরকারমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন বক্তব্য রাখেন। জনাব বাবলু হোসেন বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা পৌর কর্পোরেশনের উপপ্রশাসক জনাব জাহাঙ্গীর মোহাম্মদ আদেল এমপি, বেগম কামরুন্নাহার জাফর এমপি, বেগম আমেনা বারী এমপি বেগম এনায়েত নূর এমপি, জনাব মাহবুবুল হক দুলন ও জনাব খালেদ মিয়া।

বাংলার বাণী পত্রিকা বন্ধ প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন জনসম্মুখে সরকার ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে হেয়প্রতিপন্ন করার জন্যেই পত্রিকাটি বন্ধ করে দেয়া হয়েছে। পত্রিকাটি বন্ধের আগে কারণদর্শাও নোটিশ দেয়া হয়। কিন্তু পত্রিকা কর্তৃপক্ষ নোটিশের কোন সন্তোষজনক জবাব দেননি।

মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে কথা বলায় বাংলার বাণী বন্ধ করে দেয়া হয়েছে বলে শেখ হাসিনা যে অভিযোগ করেছেন তার জবাবে তিনি বলেন, বাংলার বাণী স্বাধীনতার পক্ষে কথা বলে অন্যান্য পত্রিকা কি স্বাধীনতার বিপক্ষে কথা বলে।

শাহ মোয়াজ্জেম

জাতীয় পার্টির মহাসচিব শাহ মোয়াজ্জেম হোসেন বিরোধী দলগুলিকে লক্ষ্য করে বলেন জাতীয় পার্টি রাজনীতিকে খেলা হিসাবে মনে করে না। আমরা রাজনীতিকে রাজনীতি হিসাবেই মনে করি। যারা হরতালের নামে সন্ত্রাসের রাজনীতি করেন তাদের কাছেই রাজনীতি খেলার বস্তু।

সমবায় মন্ত্রী বলেন প্রেসিডেন্ট এরশাদের সরকার গত ছ বছরে দেশের যে উন্নতি সাধন করেছেন বিগত ৬০ বছরেও তা হয়নি। কারণ বিরোধী দলগুলি হরতালের রাজনীতি করে। আর আমরা করি উন্নতি, অগ্রগতি ও উৎপাদনের রাজনীতি।